

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৯২

২৩. কুরআনের ফযীলত অধ্যায় (کتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ ৫. কুরআন আল্লাহর বাণী

باب الْقُرْآنُ كَلَامُ اللَّهِ

## আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ صَالِحٍ عَنْ مُعَاوِيَةَ بْنِ صَالِحٍ عَنْ أَبِي بَكْرِ بْنِ أَبِي مَرْيَمَ عَنْ عَطِيَّةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ مِنْ كَلَامِهِ وَمَا رَدَّ قَالَ رَسُولُ اللَّهِ مِنْ كَلَامِهِ وَمَا رَدَّ الْعَبَادُ إِلَى اللَّهِ كَلَامًا أَحَبَّ إِلَيْهِ مِنْ كَلَامِهِ

## বাংলা

৩৩৯২. আতিয়্যাহ (রহঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "আল্লাহর নিকট তাঁর নিজ কালাম (বাণী)-এর চেয়ে অধিক সম্মানিত আর কোন কালাম নেই; এবং বান্দা কর্তৃক বার বার পঠিত আর কোনো কালামই আল্লাহর নিকট তাঁর নিজ কালামের চেয়ে অধিক প্রিয় নয়।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদে দু'জন যয়ীফ রাবী রয়েছে: মুহাম্মদ ইবনু সালিহ এবং আবী বাকর ইবনু আবী মারইয়াম। আর এটি মুরসালও বটে।

তাখরীজ: বাইহাকী, আসমা ওয়াস সিফাত পৃ: ২৪৪। এটি আতিয়ার বক্তব্য (মাওকুফ) হিসেবেও তিনি বর্ণনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন